# সুখবরের কাহিনী পুস্তক

## পাঁচ



এটা আমার সুখবরের কাহিনী পুস্তক পাঁচ
আমার নাম

---

আমি আমার সুখবরের কাহিনী পুস্তক পাঁচ
পড়তে পারি৷

এই কাহিনীগুলি সৃষ্টিকর্তা ঈশ্বরের পবিত্র পুস্তক থেকে নেওয়া হয়েছে৷
এই কাহিনী পুস্তকের সমস্ত ছবিগুলি ভারতের আদিবাসী বাচ্চাদের আঁকা৷
সুখবরের কাহিনী পুস্তক পাঁচ৷ গ্রন্থস্বত্ব 2013 | ভারতে মুদ্রিত৷
অধিক জানতে হলে যোগাযোগ করুন:
WBTC India, P.O. Box 8478, Bangalore 560084. Email: info@wbtcindia.com



সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!..............................2-19
আমি দেখতে পাচ্ছি................................20-29
শান্তিদাতা.............................................30-36

# সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!

আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে পাচ্ছি,
‘আমি চিরকাল ও সর্বদা তোমাকে উদ্ধার করব৷’

আমি এক যুবতিকে দেখতে পাচ্ছি৷

তার নাম মরিয়ম৷







আমি শুনতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বরের এক
ভালো আত্মা মরিয়মকে বলছে,

‘তুমি এক পুত্র সন্তানের জন্ম দেবে৷
তাঁর নাম হবে যীশু৷

যীশু সৃষ্টিকর্তা ঈশ্বরের আত্মা থেকে৷


যীশু তোমাকে চিরকাল এবং
সর্বদা উদ্ধার করবেন৷’

আমি এক যুবককে দেখতে পাচ্ছি৷


তাঁর নাম যোষেফ৷

যোষেফের পূর্বপুরুষরা হচ্ছেন রাজা দাউদের কুল থেকে৷

রাজা দাউদ হচ্ছেন অব্রাহামের কুল থেকে৷







আমি শুনতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বর এক ভালো আত্মাকে বলছেন,

‘যাও এবং যোষেফকে বলো যে মরিয়ম তাঁর স্ত্রী হবে৷

মরিয়মের এক পুত্র হবে৷
তাঁর নাম হবে যীশু৷

যীশু সৃষ্টিকর্তা ঈশ্বরের আত্মা থেকে৷

যীশু তোমাকে চিরকাল এবং সর্বদা উদ্ধার করবেন৷’

সৃষ্টিকর্তা ঈশ্বর আসছেন...







সময় কেটে গেল।

আমি দেখতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বর
রাতের আকাশে এক নতুন
তারা সৃষ্টি করছেন।


নতুন তারা চক্‌মক্...চক্‌মক্...
চক্‌মক্ করছে।

আমি দেখতে পাচ্ছি জ্ঞানী লোকেরা
রাতের আকাশের দিকে তাকাচ্ছে...
তাকাচ্ছে...তাকাচ্ছে।

নতুন তারা সঠিক দিক দেখাচ্ছে...
সঠিক দিক দেখাচ্ছে...সঠিক দিক দেখাচ্ছে।








আমি দেখতে পাচ্ছি জ্ঞারানী লোকেরা
নতুন তারাকে অনুসরণ করে একটি ছোট্ট
নগর...একটি ছোট্ট পথ ধরে...একটি
ছোট্ট ছাউনির দিকে যাচ্ছেন।

আমি যোষেফ, তাঁর স্ত্রী মরিয়ম এবং
এক ছোট্ট শিশু যীশুকে দেখতে পাচ্ছি।

আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে
শুনতে পাচ্ছি,
‘এই ছোট্ট শিশু যীশু তোমাকে চিরকাল ও
সর্বদা উদ্ধার করবেন।’





আমি দেখতে পাচ্ছি জ্ঞারানী লোকেরা
ছোট্ট শিশু যীশুর উদ্দ্যেশে গান গাইছেন।

সৃষ্টিকর্তা ঈশ্বর এক ছোট্ট শিশু হয়ে
এসেছেন তোমাকে চিরকাল ও সর্বদা
উদ্ধার করতে।

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!




সেই রাতেই...

আমি রাখালদের দেখতে পাচ্ছি।
আমি মেষদের দেখতে পাচ্ছি।







আমি শুনতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বর
এক ভালো আত্মাকে বলছেন,

‘যাও এবং রাখালদের বলো, ভয় পেয়ো না,
আমি সুখবর দিচ্ছি।

যীশু তোমাদের চিরকাল ও সর্বদা
উদ্ধার করতে এখানে এসেছেন।’

আমি এক বড়ো, বড়ো, বড়ো উজ্জ্বল
আলো দেখতে পাচ্ছি।

আমি দেখতে পাচ্ছি ঐ বড়ো, বড়ো,
বড়ো উজ্জ্বল আলোই হল এক ভালো আত্মা।







আমি শুনতে পাচ্ছি ভালো আত্মা
রাখালদের বলছে।

‘ভয় পেয়ো না,
আমি সুখবর দিচ্ছি।’

যীশু তোমাদের চিরকাল ও সর্বদা
উদ্ধার করতে এখানে এসেছেন।’

আমি দেখতে পাচ্ছি এক...দুই...তিন...
চার...পাঁচ...ছয়...সাত...
অনেক, অনেক, অনেক ভালো আত্মা
সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গাইছে।







আমি শুনতে পাচ্ছি অনেক, অনেক,
অনেক ভালো আত্মা বলছে,

'সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গাও।

যারা যীশুর উদ্দ্যেশে গান গায় তাদের
সকলের শান্তি হোক্।'

আমি দেখতে পাচ্ছি অনেক, অনেক ভালো
আত্মা আকাশে চলে যাচ্ছে...যাচ্ছে...যাচ্ছে।

আমি দেখতে পাচ্ছি রাখালরা যীশুর
উদ্দ্যেশে গান গাইছে।







সৃষ্টিকর্তা ঈশ্বর এক ছোট্ট শিশু হয়ে
এসেছেন, তোমাকে চিরকাল ও সর্বদা
উদ্ধার করতে।

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!

# আমি দেখতে পাচ্ছি

অনেক বছর কেটে গেছে৷
ছোট্ট শিশু যীশু এখন বুড়ো মানুষ হয়েছেন৷

আজ বাজারের দিন৷

আমি নগরে অনেক লোককে
দেখতে পাচ্ছি৷

আমি একজন পুরুষকে দেখতে পাচ্ছি৷

ঐ লোকটা অন্ধ৷







আমি শুনতে পাচ্ছি যীশুর
অনুগামীরা বলছে,

‘এই অন্ধ লোকটা কি কোনো মন্দ
কাজ করার ফলে অন্ধ হয়ে জন্মেছে?’

আমি শুনতে পাচ্ছি যীশু তাঁর
অনুগামীদের বলছেন,

‘না লোকটা কোনো মন্দ কাজ করার
ফলে অন্ধ হয়ে জন্মায়নি|

ও অন্ধ হয়ে জন্মেছে যেন তোমরা
সৃষ্টিকর্তা ঈশ্বরের শক্তি দেখতে পাও|

আমি যীশু তোমাদের উদ্ধার করতে এসেছি|’







আমি দেখতে পাচ্ছি যীশু অন্ধ
লোকটাকে স্পর্শ করছেন|

অন্ধ লোকটা এখন দেখতে পাচ্ছে|

আমি শুনতে পাচ্ছি যীশু বলছেন,
‘আমিই জগতের আলো|’

আমি শুনতে পাচ্ছি, যে অন্ধ লোকটা
এখন দেখতে পাচ্ছে তাকে একজন
ধর্মীয় নেতা…জিজ্ঞেস করছেন,

‘তুমি বলো তো কে তোমাকে
স্পর্শ করেছে?’







আমি শুনতে পাচ্ছি, যে অন্ধ লোকটা
এখন দেখতে পাচ্ছে, সে বলছে,

‘যিনি আমাকে স্পর্শ করেছেন
তিনি হলেন যীশু।

যীশু তোমাকে চিরকাল ও সর্বদা
উদ্ধার করতে এসেছেন।’

আমি দেখতে পাচ্ছি, যে অন্ধ লোকটা এখন দেখতে পাচ্ছে, তাকে ঐ ধর্মীয় নেতা নগর থেকে বার করে দিচ্ছে৷







আমি শুনতে পাচ্ছি, যে অন্ধ লোকটা এখন দেখতে পাচ্ছে তাকে যীশু বলছেন,

‘তুমি কি বলো, আমি কে?’

আমি শুনতে পাচ্ছি, যে অন্ধ
লোকটা এখন দেখতে পাচ্ছে
সে যীশুকে বলছে,

‘তুমি আমাকে চিরকাল ও সর্বদা
উদ্ধার করতে এসেছো|

তুমিই জগতের আলো|’







যীশুই জগতের আলো|

অন্ধকার দূর করতে কেবলমাত্র
যীশুরই ক্ষমতা আছে|

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!

# শান্তিদাতা

আর এক দিন, আর এক সময়,
আর এক জায়গায়।

আমি একজন পুরুষকে দেখতে পাচ্ছি।
ওঁর নাম শিমোন।







আমি শুনতে পাচ্ছি শিমোন
যীশুকে বলছেন,

‘দয়া করে আমার বাড়ীতে আসুন।’

আমি দেখতে পাচ্ছি শিমোন ও যীশু
শিমোনের বাড়ীর ভিতরে ঢুকছেন।


আমি শিমোনের বাড়ীর ভিতরে এক মহিলাকেও দেখতে পাচ্ছি৷

ঐ মহিলা অনেক মন্দ কাজ করেছে৷

আমি দেখতে পাচ্ছি এই মহিলা যীশুর পায়ের ওপর পড়ছে৷






আমি দেখতে পাচ্ছি ঐ মহিলা কাঁদছে৷

তার চোখের জল যীশুর পায়ের ওপর পড়ছে৷

আমি দেখতে পাচ্ছি এই মহিলা তার চুল দিয়ে যীশুর পায়ের পাতা মুছিয়ে দিচ্ছে।







আমি শুনতে পাচ্ছি যীশু এই মহিলাকে বলছেন,

‘তুমি যতসব মন্দ কাজ করেছ, আমি সেই সকলের জন্য তোমায় ক্ষমা করছি।

শান্তিতে যাও।’

কেবলমাত্র যীশুই শান্তি দেন।

অন্ধকার দূর করতে কেবলমাত্র
যীশুরই ক্ষমতা আছে।

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!

